

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ
যানবাহন বিভাগ,
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

সূত্রঃ ৩০.৩৪.০০০০.০০০.০২৪.৮৯.০০০১.২৫/১৯৩

তারিখঃ ২৭-০৩-২০২৫ খ্রিঃ

নোটিশ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন হজ-২০২৫ উপলক্ষ্যে সম্মানিত হজ্জ যাত্রীগণ ও তাদের মালামাল হজ্জ ক্যাম্প হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর (টার্মিনাল) পর্যন্ত পরিবহণের জন্য গাড়ী ভাড়া করা প্রয়োজন, যার বিবরণ নিম্নরূপঃ-

ক্রমিক নং	বিবরণ	গাড়ির ধরন	সংখ্যা	মন্তব্য
০১	পবিত্র হজ্জ গমনেচ্ছু যাত্রীদের পরিবহন (হজ্জ ক্যাম্প হতে টার্মিনাল ভবন)	৪০ আসন বিশিষ্ট এসি বাস	১২টি	২৪ ঘন্টা চলাচলের প্রয়োজন হবে।
০২	পবিত্র হজ্জ গমনেচ্ছু যাত্রীদের ব্যাগেজ পরিবহন (হজ্জ ক্যাম্প হতে টার্মিনাল ভবন)	কভার্ড ভ্যান (০৩ টন)	১০টি	-ঐ-
০৩	হজ্জ ক্যাম্পে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াত	এসি মাইক্রোবাস	০৫টি	-ঐ-
০৪	হজ্জ ফ্লাইটের ককপিট/কেবিন-ক্রু পিকাপ ও ড্রপের জন্য	এসি মাইক্রোবাস	১৩টি	-ঐ-

উপরোক্ত গাড়ীসমূহ ভাড়ায় সরবরাহের জন্য আগ্রহী গাড়ী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন/অফার আহ্বান করা হচ্ছে। এতদসংক্রান্ত সিডিউল যানবাহন বিভাগ হতে সংগ্রহপূর্বক আগামী ০৮ এপ্রিল ২০২৫ খ্রিঃ তারিখ ১৩০০ ঘটিকার মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের লেটার হেডে কোটেশন/অফার, পূরণকৃত সিডিউল ও সংশ্লিষ্ট কাগজ পত্রসহ মুখবন্ধ খামে যানবাহন বিভাগে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে। প্রাপ্ত অফার/কোটেশন সমূহ অংশগ্রহণকারীদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে একইদিন ১৪০০ ঘটিকার সময় খোলা হবে।


29.03.2025

মোহাম্মদ মাসুদ পারভেজ রানা
উপ-মহাব্যবস্থাপক যানবাহন